

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০১.১৮.

তারিখ: ১৩ চৈত্র ১৪২৪  
২৭ মার্চ ২০১৮

অফিস আদেশ

যেহেতু, জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন (১৩২৫৮), সহযোগী অধ্যাপক (বাংলা), ব্রাহ্মণবাড়ীয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া এর বিরুদ্ধে তার স্ত্রী কর্তৃক নারী ও শিশু নির্যাতন ট্রাইবুনাল, ঢাকা এর খিলগাঁও থানার মামলা নং-৩৪, তারিখ: ১৩.০৯.২০১৭ এবং বর্তমান মামলা নং-১৭১/২০১৮ নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১(গ) ধারায় মামলা দায়ের করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে ১৯.০৩.২০১৮ তারিখে বিজ্ঞ বিচারক তাকে জেল হাজতে প্রেরণ করেছেন;

যেহেতু, জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন-কে বি.এস.আর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ১৯.০৩.২০১৮ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন -কে বি.এস.আর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং- ED(Reg.VII) S- ১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ১৯.০৩.২০১৮ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-


তারিখ: ২৭.০৩.২০১৮  
(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০১.১৮. ২৭/৩/১৭

তারিখ: ১৩ চৈত্র ১৪২৪  
২৭ মার্চ ২০১৮

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মুহাম্মদ দেলোয়ার হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে অফিস আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়ীয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়ীয়া।
- ৭। জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন (১৩২৫৮), সহযোগী অধ্যাপক (বাংলা), ব্রাহ্মণবাড়ীয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া।

  
২৭/০৩/২০১৮  
(জাকিয়া খানম)  
যুগ্মসচিব